গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(রাজস্ব শাখা)
www.feni.gov.bd

স্মারক নম্বর: ৩১.২০.৩০০০.০২১.১১.০০৪.২৩- ৯৫৮

তারিখ: ১৫ মাঘ ১৪৩১ / ২৯ জানুয়ারি ২০২৫

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ১৩/১১/২০২৪ তারিখের ৮৮১ নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্র এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর ০৫/০১/২০২৫ তারিখের ১৩ নং স্মারকমূলে প্রাপ্ত অনুমোদন মোতাবেক ফেনী জেলার রাজস্ব প্রশাসনের অধীন কার্যালয় সমূহে ৩য় ও ৪র্থ শ্রেণির নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে এ জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের জন্য নির্ধারিত ফরমে অনলাইনে **(http://dcfeni.teletalk.com.bd)** ওয়েবসাইটে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রমিক নং | পদের নাম | পদসংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী | ০৬ (ছয়) | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬ তম) | ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ. কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ. কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজীতে সর্বনিম্ন ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ। |
| ০২ | সার্টিফিকেট সহকারী | ০৫ (পাঁচ) | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬ তম) | ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ. কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ. কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজীতে সর্বনিম্ন ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ। |
| ০৩ | সার্টিফিকেট পেশকার | ০৫ (পাঁচ) | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬ তম) | ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ. কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ. কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজীতে সর্বনিম্ন ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ। |
| ০৪ | অফিস সহায়ক | ১৮ (আঠারো) | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০ তম) | ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |

**আবেদনের শর্তাবলী:**

০১। **এ কার্যালয়ের ১৫ এপ্রিল ২০২৪ তারিখের ৩১.২০.৩০০০.০২১.১১.০০৪.২৩-৩১১ এবং ৩১.২০.৩০০০.০২১.১১.০০২.২৩-৩১২ নম্বর স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী সংশ্লিষ্ট পদসমূহে যে সকল প্রার্থী আবেদনপত্র দাখিল করেছেন; সে সকল প্রার্থীর এ বিজ্ঞপ্তি অনুযায়ী নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।**

০২। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ফেনী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

০৩। প্রার্থীর বয়সসীমা ০৬/০৩/২০২৫ তারিখে ১৮-৩২ বছর হতে হবে (বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে ১৮ নভেম্বর ২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেটের অধ্যাদেশ নং ১১, ২০২৪ অনুসরণ করা হয়েছে)। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। অসত্য/ভুল তথ্য/ত্রুটিপূর্ণ আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৫। নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে; এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান যাবতীয় সরকারি বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

০৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে;

০৭। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না;

০৮। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে;

০৯। আবেদনকারী প্রদত্ত তথ্যাদি বিধি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় ডাকা হবে। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে;

১০। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল প্রকার সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে);

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

গ) জাতীয় পরিচয়পত্র এবং অনলাইন জন্ম নিবন্ধন সনদ;

ঘ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে আবেদনকারীর পিতা/মাতার নামে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র/উপযুক্ত প্রমাণপত্র;

ঙ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানা সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে বীরমুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ;

চ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ছ) তৃতীয় লিঙ্গ, ক্ষুদ্র-নৃগোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

ঞ) চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি;

ট) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত ফটোকপি;

ঠ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

ড) প্রযোজ্যক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র;

১১। একজন প্রার্থী শুধু একটি পদে আবেদন করতে পারবেন; একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১২। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত সর্বশেষ শর্তাবলী প্রযোজ্য হবে।

১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৪। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি/নির্দেশনা অনুযায়ী কোটা নীতি অনুসরণ করা হবে।

১৬। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://dcfeni.teletalk.com.bd** ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online এ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬/০২/২০২৫; সকাল ০৯.০০ টা;

(২) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৬/০৩/২০২৫; বিকাল ৪.০০ টা;

(৩) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রংঙ্গিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০১ হতে ০৩ পর্যন্ত পদের জন্য ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা, ১০% টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১০/- (দশ) টাকা, ১০/- (দশ) টাকার ১৫% ভ্যাট বাবদ ১.৫ টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট (১০০+১০+২) = ১১২ (একশত বারো) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। ০৪ নং পদের জন্য ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা, ১০% টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৫/- (পাঁচ) টাকা, ৫/- (পাঁচ) টাকার ১৫% ভ্যাট বাবদ ০.৭৫ টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট (৫০+৫+১)=৫৬/- (ছাপান্ন) টাকা ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে ক্ষুদ্র নৃগোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ সকল গ্রেডের জন্য আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। Online এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেন না;

নিয়মাবলী: **প্রথম SMS** : DCFENI<space>User ID লিখে ১৬২২২ নম্বরে send করতে হবে।

Example : **DCFENI ABCDEFG** send to ১৬২২২

**দ্বিতীয় SMS:** DCFENI<space>YES<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example : **DCFENI YES ১২৩৪৫৬৭৮** & send to ১৬২২২.

Reply: Congratulation Applicant's Name payment completed successfully for DCFENI Application for xxxxxxxxxxx USER ID is (ABCDEF) and password (xxxxxxxxxxx) দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস এ password পাবেন;

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcfeni.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া ও প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রার্থীর প্রবেশপত্র রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ) শুধু Teletalk Pre-paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

User ID জানা থাকলে:

DCFENI<space>Help<space>User<space>User ID send to ১৬২২২

Example : **DCFENI Help User ABCDEF** & send to ১৬২২২

PIN Number জানা থাকলে:

DCFENI<space>Help<space> PIN<space> PIN No & send to ১৬২২২

Example : **DCFENI Help PIN ১২৩৪৫৬৭** & send to ১৬২২২

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর Website: www.feni.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টালে http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.feni.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে;

ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে কল করুন ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা adcrfeni@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টালের ফেইসবুক পেইজ https://www.facebook.com/ alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject এ Organization Name: DCFENI, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে);

ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

ঠ) এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

১৭। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি,বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


**( সাইফুল ইসলাম )**

জেলা প্রশাসক

ফেনী

ফোন - ০২৩৩৪৪৭৪০০০

ইমেইল - dcfeni@mopa.gov.bd